দৈনিক সংবাদ

45

তারিখ 20 MAY 1989
পৃষ্ঠা ... কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# প্রেক্ষিত পরিকল্পনার অধীনে ৪র্থ পাঁচসালা পরিকল্পনা প্রণীত হচ্ছে

—শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, প্রযুক্তি পরিকল্পনাকে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচীর সাথে সম্পৃক্ত করার জন্য প্রথমবারের মত একটি প্রেক্ষিত পরিকল্পনার অধীনে বাংলাদেশের চতুর্থ পঞ্চবার্ষিক

(৭-এর পাতায় দেখুন)

## শেখ শহীদ

(১ম পাতার পর)

পরিকল্পনা প্রণীত হচ্ছে।

তিনি বলেন, এই লক্ষ্য সামনে রেখে পরিকল্পনা কমিশন আগামী জুলাই হতে সংশোধিত প্রকল্প প্রফর্মা প্রবর্তন করতে যাচ্ছে।

গতকাল এক সাংবাদিক সম্মেলনে 'বাংলাদেশে শিল্পোন্নয়নের জন্য প্রযুক্তি পরিকল্পনা' শীর্ষক ফোরামের ফলাফল ব্যাখ্যাকালে তিনি একথা বলেন। ৫ দিনব্যাপী এ ফোরাম গত বৃহস্পতিবার শেষ হয়।

তিনি বলেন, দেশে বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশের জন্য বিভিন্ন সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সুনির্দিষ্ট দায়িত্ব চিহ্নিত করে ফোরামে কতিপয় সুপারিশ করা হয়েছে। খবর বাসসর।

শেখ শহীদ বলেন, ফোরামে অংশগ্রহণকারীরা প্রযুক্তি আমদানীর জন্য সুনির্দিষ্ট নীতি প্রণয়নের প্রয়োজনীয়তা সম্পর্কে সর্বসম্মতিক্রমে একমত হয়েছেন।

### ঢাকায় মুক্ত বিশ্ববিদ্যালয় হবে

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, ঢাকায় শিগগিরই একটি মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে।

গতকাল শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয়-প্রতিষ্ঠার ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। খবর ইউএনবি'র।

তিনি জানান প্রকল্পটি বাস্তবায়নে সহায়তার জন্য শিগগিরই একটি বৃটিশ বিশেষজ্ঞ দল বাংলাদেশ সফর করবে।